

কবিরহাট সরকারি কলেজ, নোয়াখালী

ডাকঘর- এনায়েত নগর, উপজেলাঃ কবিরহাট, জেলাঃ নোয়াখালী

নোটিশ

দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের প্রাক-নির্বাচনী পরীক্ষা-২০২০ এর প্রশ্ন,,,,,

কবিরহাট সরকারি কলেজ

দ্বাদশ, প্রাক-নির্বাচনী পরীক্ষা - ২০২০
ব্যবসায় শিক্ষা বিভাগ (গ্যাসাইমেন্টের বিষয়বলী)

হিসাববিজ্ঞান

পূর্ণমান-২৫

- প্রশ্ন - ১ উৎপাদন ব্যয় বিবরণীতে ব্যবহৃত ধাপ সমূহ আলোচনা কর।
নিচের উদ্দীপকের আলোকে প্রশ্নগুলোর উত্তর দাও।
২। ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ফ্রেডস ক্লাবের তথ্য উল্লেখ করা হলো।-

ফ্রেডস ক্লাব
প্রাপ্তি ও প্রদান হিসাব

ভেদবিট	প্রাপ্তিসমূহ	টাকা	প্রদানসমূহ	টাকা	ক্রেডিট
নগদ তহবিল	২,৫০০	২,৫০০	বেতন	২,৪০০	
প্রবেশ ফি	১,৮০০	১,৮০০	ভাড়া	২,০০০	
চাঁদা	১০,৫০০	১০,৫০০	মজুরি	২,৮০০	
আপ্যায়ন হতে মুনাফা	৫০০	৫০০	আসবাবপত্র ক্রয় (১.১.১৩)	১,০০০	
বিনিয়োগের সুদ	২০০	২০০	মেরামত খরচ	৩০০	
			বিবিধ খরচ	৩৭০	
			নগদ তহবিল	৬,৩০০	
					১৫,৫০০

২০১৩ সালের ১ জানুয়ারি ক্লাবের সম্পদ ছিল - খেলার মাঠ- ৩০,০০০ টাকা, বিনিয়োগ ১০,০০০ টাকা, খেলার সরঞ্জাম ৪,৫০০ টাকা, এবং আসবাবপত্র ২,৫০০ টাকা।
অন্যান্য তথ্যাবলি :

১. মেরামত খরচের ৩৫ টাকা বিগত বছরের আবার চলতি বছরের মেরামত খরচ বকেয়া আছে ৫০ টাকা।
 ২. প্রদত্ত মজুরির মধ্যে ১২৫ বিগত বছরের আবার চলতি বছরের বকেয়া ১৫০ টাকা।
 ৩. প্রাপ্ত চাঁদার মধ্যে ৫০০ টাকা বিগত বছরের এবং ৮৫০ টাকা পরবর্তী বছরের। চলতি বছরের চাঁদা ১,২৫০ টাকা আনাদায়ী আছে।
 ৪. আসবাবপত্রের উপর অবচয় ১০% ধার্য করতে হবে।
 - ক) চলতি বছরের মোট চাঁদার পরিমাণ কত?
 - খ) প্রারম্ভিক মূলধন তহবিল নির্ণয় কর।
 - গ) ব্যয়তিরিক্ত আয় ৪,৬৯০ টাকা ধরে ক্লাবের আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর।
- ৩। রানা, রিক্‌কু ও বাবু ২০১৪ সালের ১ জানুয়ারি তারিখে “শ্রী স্টার” নামে একটি অংশীদারি ব্যবসায় শুরু করে। ব্যবসায়ের মোট প্রারম্ভিক মূলধন ছিল ৩,০০,০০০ টাকা যা সবাই সমান অনুপাতে সরবরাহ করে। চুক্তিমতে মূলধনের সুদ ৫% হারে ধার্য করা হবে। বাবু বার্ষিক ২৪,০০০

টাকা বেতন পাবে। ১ জুলাই রিক্‌কু ৩০,০০০ টাকা অতিরিক্ত মূলধন এবং রানা একই তারিখে ১,০০,০০০ টাকা ঋণ হিসেবে ব্যবসায় সরবরাহ করে। মূলধনের সুদ, বেতন ও ঋণের সুদ চার্জের পূর্বে ব্যবসায়ের নিট লাভ দাঁড়ায় ৯৫,০০০ টাকা।

- ক) অংশীদারদের মূলধনের সুদ নির্ণয় কর।
খ) ব্যবসায়ের বটমহোগ্য মুনাফা/ক্ষতি নির্ণয় কর।
গ) অংশীদারদের চলতি হিসাবের উদ্বৃত্ত নির্ণয় কর।

বিষয় : ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা

পূর্ণমান - ২৫

১। BSRM এর সিদ্ধান্ত বাস্তবায়নে কর্মকর্তা মি. হাসান পরিকল্পনা গ্রহণ করেন এবং তা বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা নেন। মাঠ-পর্যায়ে কর্মরত মি. কবির ও আমিনুল তাদের দায়িত্ব যথাযথভাবে পালন ছাড়াও পণ্য ব্যবহারকারীদের নিকট থেকে পণ্য সম্পর্কে বিভিন্ন তথ্য এবং তাদের মতামত সংগ্রহ করেন। পরবর্তীতে সংশ্লিষ্ট তথ্য ও মতামতকে বিবেচনায় নিয়ে প্রতিষ্ঠান পরিচালিত হয়। বর্তমানে প্রতিষ্ঠানটির সাফল্য আগের বৃদ্ধি পেয়েছে।

- ক) বৈজ্ঞানিক ব্যবস্থাপনার জনক কে ? ১
খ) ব্যবস্থাপনা একটি প্রক্রিয়া ব্যাখ্যা কর। ২
গ) উদ্দীপকের মি. হাসান ব্যবস্থাপনার কোন স্তরের কর্মকর্তা ? ৩
ঘ) নিম্নস্তরের ব্যবস্থাপকদের দায়িত্বশীলতা ও দূরদর্শিতা প্রতিষ্ঠানকে এগিয়ে নিতে ভূমিকা রাখে- উদ্দীপকের আলোকে এর যথাযথতা বিশ্লেষণ করো। ৪

২। জনাব আবার RFL কোম্পানীর একজন ব্যবস্থাপক। তিনি যথাসময়ে অফিসে আসেন এবং যখনইয়ে কাজ সম্পাদন করে অফিস ত্যাগ করেন। তিনি নিজের কাজে খুব দক্ষ এবং অন্যকে ও বোঝাতে সক্ষম। সহকর্মীদের পরামর্শ বৈধ ধরে শোনেন এবং আলোচনার মাধ্যমে দ্রুত সঠিক সিদ্ধান্ত প্রদান করেন। তবে তাঁর অধীনস্থ কর্মীদের মধ্যে শুধুমাত্র নিজ এলাকার কর্মীদের ঠিকমতো ছুটি দেন এবং অন্যদের সহজে ছুটি দিতে চান না।

- ক) বিবেচনাকরন কী? ১
খ) আধুনিক ব্যবস্থাপনার জনক কে এবং কেন? ২
গ) উদ্দীপকে জনাব আবার কর্তৃক হেনরি ফেয়ল প্রাপ্ত ব্যবস্থাপনার কোন নীতি উপস্থিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ) উদ্দীপকে বর্ণিত জনাব আবার এর কর্মরত আদর্শ ব্যবস্থাপক এর গুণাবলির ভিত্তিতে মূল্যায়ন কর- ৪
৩। নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও। ১×৫=৫
ক) ব্যবস্থাপনার ৬ টি উপাদানের নাম লিখ।
খ) ব্যবস্থাপনা চক্রটি চিত্রের মাধ্যমে দেখাও।
গ) ব্যবস্থাপনার সর্বজনীনতা বলতে কী বোঝায়?
ঘ) F. W. Taylor প্রদত্ত বৈজ্ঞানিক ব্যবস্থাপনার নীতিগুলো উল্লেখ করে।
ঙ) একজন আদর্শ ব্যবস্থাপকের কী কী দক্ষতা থাকা প্রয়োজন? উল্লেখ করো।